দৈনিক বাংলা

তারিখ ... ৫।৯।৭৪ ...
পৃষ্ঠা ... কলাম ...

# বেতন না পাওয়ায় তেরশ প্রাথমিক শিক্ষক ঈদের আনন্দ থেকে বঞ্চিত

(নিজস্ব সংবাদদাতা)

ব্রাহ্মণবাড়িয়া, ৩রা সেপ্টেম্বর।— ব্রাহ্মণবাড়িয়া ও নবীনগর থানার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ ঈদের আগে বেতন ও ঈদ এডভান্স পাননি। কারণ, থানা শিক্ষা অফিসার ঈদ উদযাপন করতে ব্রাহ্মণবাড়িয়া ছেড়ে বাড়ি গেছেন।

নবীনগর থানার প্রাথমিক শিক্ষকগণ অভিযোগ করেন যে আজ পর্যন্ত আগস্ট মাসের বেতন ও ঈদ এডভান্স না পাওয়ায় থানার এক হাজার ৩শ ৫০ জন শিক্ষক ঈদ উদযাপন করতে পারছেন না। তাঁরা ঈদের আনন্দ থেকে বঞ্চিত হচ্ছেন।